

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-৩
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৮-৮১৭

তারিখঃ ২ আশ্বিন ১৪২৭
১৭ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ঢাকা প্রেসিডেন্সি সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা EFT-এর মাধ্যমে পরিশোধ।


সূত্রঃ স্মারক নং- ০৭.০০.০০০০.০০০.৪০.০৩৫.২০-৮৩; তারিখ ১৪.০৯.২০২০

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে সরকারের আর্থিক ব্যবস্থাপনা আরো সুসংহত করার নিমিত্ত ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের ন্যায় ৩য় ও ৪র্থ শ্রেণির সরকারি কর্মচারীদের বেতন-ভাতাও অনলাইনে দাখিল ও ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)-এর মাধ্যমে প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় ও ১১৫ টি অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মচারীগণ EFT-এর মাধ্যমে বেতন-ভাতাদি পাচ্ছেন। উল্লেখ্য, গত মার্চ, ২০২০ মাসে সকল অধিদপ্তর/পরিদপ্তরের আয়ন-ব্যয়ন কর্মকর্তা (ডিডিও)-কে এ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। যে সকল অধিদপ্তর/পরিদপ্তর কর্তৃক এখনও কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা EFT-এর মাধ্যমে পরিশোধ করা হয়নি এমন ৪৫টি কার্যালয়ের ডিডিওদেরকে গত ০৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে ভারুয়াল পদ্ধতিতে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া, কোন অধিদপ্তর/পরিদপ্তরের অধীনস্থ অফিসসমূহের নিজস্ব উদ্যোগে সরকারি কর্মচারীদের বেতন-ভাতা EFT-এর মাধ্যমে প্রদান কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হলে অর্থ বিভাগের SPFMS কর্মসূচি হতে প্রশিক্ষকসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তাও প্রদান করা হবে।

২। বর্তমানে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের ঢাকা প্রেসিডেন্সির আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয়ের সকল কর্মচারীর সেপ্টেম্বর ২০২০ মাসের বেতন-ভাতা এবং অধীনস্থ কার্যালয়সমূহের সকল কর্মচারীর নভেম্বর ২০২০ মাসের বেতন-ভাতা EFT-এর মাধ্যমে প্রদানের কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা করা হয়েছে।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, ঢাকা প্রেসিডেন্সির আওতাভুক্ত সকল অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয়ের সকল কর্মচারীর সেপ্টেম্বর ২০২০ মাসের বেতন-ভাতা এবং অধীনস্থ কার্যালয়সমূহের সকল কর্মচারীর নভেম্বর ২০২০ মাসের বেতন-ভাতা Electronic Fund Transfer (EFT)-এর মাধ্যমে পরিশোধ করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ঢাকা প্রেসিডেন্সির আওতাভুক্ত অধিদপ্তর/পরিদপ্তরসমূহের তালিকা


২৭.৯.২০২০
(মোহাম্মদ আনিসুজ্জামান খান)
উপসচিব
☎ ৯৫৬৩১৮৬

ইমেইল: anism321@yahoo.com

হিসাব মহানিয়ন্ত্রক

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়

সেগুন বাগিচা, ঢাকা

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি এবং অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ
- ২। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা